

# **■■** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৮১

পর্ব ২১: খাদ্য (ইয়ানু)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - পানীয় দ্রব্যের বর্ণনা

## আরবী

وَعَن كَبْشَةَ قَالَتْ: دَخَلَ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَشَرِبَ مِنْ فِي قِرْبَةٍ مُعَلَّقَةٍ قَائِمًا فَقُمْتُ إِلَى فِيهَا فَقَطَعْتُهُ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهْ وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا حَدِيثٌ حَسَنٌ غريبٌ صَحِيح

#### বাংলা

৪২৮১-[১৯] কাবশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার গৃহে এলেন এবং একটি লটকানো মশক হতে দাঁড়ানো অবস্থায় পান করলেন। পরে আমি মশকের নিকট গিয়ে মশকের সে মুখখানা কেটে রেখে দিলাম। (তিরমিয়ী ও ইবনু মাজাহ) [1]আর ইমাম তিরমিয়ী (রহিমাহুল্লাহ) বলেছেনঃ হাদীসটি হাসান, গরীব ও সহীহ।

# ফুটনোট

[1] সহীহ: তিরমিয়ী ১৮৯২, সিলসিলাতুয্ য'ঈফাহ্ ১০৫৭-এর আলোচনা দ্রঃ, শু'আবুল ঈমান ৬০২৬, ইবনু মাজাহ ৩৪২৩, মা'রিফাতুস্ সুনান ওয়াল আসার ৪৬০৫, মুসান্নাফ ইবনু আবু শায়বাহ্ ২৪১৩০, মুসনাদে আহমাদ ২৭৪৩০, শু'আবুল ঈমান ৬০২৭, ৬০২৫; আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ২০৮১৫।

### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ হাদীসের সমর্থনে যা তিরমিয়ী বর্ণনা করেছেন উম্মু সুলায়ম (রাঃ) হতে অনুরূপ অর্থে তবে তাতে অতিরিক্ত এসেছে, وَقَالَتْ: لَا يَشْرَبُ مِنْهَا أَحَدٌ بَعْدَ شُرُبِ رَسُولِ اللهِ لَمَالَّهُ عَلَيْهِ وَسَلَّمَ তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পান করার পর আর কেউ যেন পান না করে।

আর ইমাম নাবাবী (রহিমাহুল্লাহ) তিরমিয়ী হতে বর্ণনা করেন, মশকের মুখ কাটার দু'টি উদ্দেশ্য। সে স্থানটিকে সংরক্ষণ করা যেখানে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মুখ লেগেছে যাতে করে প্রত্যেকে তা স্পর্শ করতে পারে।



আর দ্বিতীয় মতে, তা হতে বারাকাত হাসিল করতে পারে এবং আরোগ্য লাভ করতে পারে। আর হাদীস প্রমাণ করে কলসের মুখ দিয়ে পান করার নিষেধাজ্ঞা হারাম নয়। (মিরক্লাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ কাবশাহ্ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন